

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৭২৬

২১/ খাদ্যদ্রব্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৪৬৭. খাওয়ার সময় বিসমিল্লাহ বলা

باب التَّسْمِيَةِ عَلَى الطَّعَام

### আরবী

حَدَّثَنَا مُوَّمَّلُ بْنُ الْفَضِلْ الْحَرَّانِيُّ، حَدَّثَنَا عِيسَى، - يَعْنِي ابْنَ يُونُسَ - حَدَّثَنَا الْمُثَنَّى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْخُزَاعِيُّ، عَنْ عَمِّهِ، أُمَيَّةَ بْنِ مَخْشِي - وَكَانَ مِنْ أَصِحُابِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم - قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم جَالِسًا وَرَجُلُ يَأْكُلُ فَلَمْ يُسَمِّ حَتَّى لَمْ يَبْقَ مِنْ طَعَامِهِ إِلاَّ لُقْمَةٌ فَلَمَّا رَفَعَهَا إِلَى فِيهِ قَالَ بِسْمِ اللَّهِ أَوَّلَهُ وَآخِرَهُ فَضَحِكَ النَّبِيُّ صلى الله عليه وسلم ثُمَّ قَالَ - مَا زَالَ الشَّيْطَانُ يَأْكُلُ مَعَهُ فَلَمَّا ذَكَرَ اسْمَ اللَّهِ عَزَّ وَجَلَّ اسْتَقَاءَ مَا فِي بَطْنِهِ - .

#### বাংলা

৩৭২৬. মুআম্মাল ইবন ফযল (রহঃ) ..... মুছারা ইবন আবদির রহমান খুযায়ী (রহঃ) তাঁর চাচা উমাইয়্যা ইবন মাখশী (রাঃ) থেকে বর্ণনা করেছেন, যিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী ছিলেন। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বসা ছিলেন এবং এক ব্যক্তি খানা খাচ্ছিল, কিন্তু সে বিসমিল্লাহ বলেনি। অবশেষে খাবারের এক লোকমা যখন অবশিষ্ট ছিল, তখন তা খাবার সময় সে বলেঃ (অর্থ) আমি আল্লাহ্র নামে খাচ্চি শুরু থেকে শেষ পর্যন্ত। এ সময় নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম হেসে উঠে বলেনঃ শয়তান তার সাথে খাবার খাচ্ছিল; কিন্তু সে যখন আল্লাহ্র নাম নিল, তখন শয়তানের পেটে যে খাবার গিয়েছিল, তা সে বমি করে ফেলে দিল।

## **English**

## Narrated Umayyah ibn Makhshi:

Umayyah was sitting and a man was eating. He did not mention Allah's name until there remained the last morsel. When he raised it to his mouth, he said: In the name of Allah at the beginning and at the end of it. The



Prophet (ﷺ) laughed and said: The devil kept eating along with him, but when he mentioned Allah's name, he vomited what was in his belly.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন